



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. - ১৬

তারিখঃ ০৩/০১/২০১৮ খ্রি:।

বিষয় : ঋণ গ্রহীতা সদস্যদের গ্রুপ ছবি সংগ্রহ, সংরক্ষণ ও প্রচার ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের মধ্যে ঋণ বিতরণের সময় সদস্যদের ছবি সংগ্রহ, সংরক্ষণ ও সংগৃহিত ছবি প্রকল্পের ফেইসবুক পেইজে নিয়মিতভাবে আপলোড করার জন্য ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। এখন থেকে ঋণ বিতরণের সময় ঋণ গ্রহণকারী সদস্যদের গ্রুপ ছবি সংগ্রহ, সংরক্ষণ ও প্রচারের জন্য নিম্নরূপ নির্দেশনা অনুসরণের জন্য বলা হলো।


১। ঋণ বিতরণের সময় সদস্যদের গ্রুপ ছবির ব্যাক গ্রাউন্ড হিসেবে একটি স্থায়ী ব্যানার ব্যবহার করতে হবে(নমুনা সংযুক্ত)। ব্যাক গ্রাউন্ড ব্যানার এর দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ৮-১০ ফুট X ৪-৪.৫ ফুট হতে হবে। শুধু মাত্র পরিবর্তনশীল তথ্য যেমন সমিতির নাম, ঋণ বিতরণের তারিখ, ঋণের পরিমাণ ও ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা এর তথ্য কাগজে প্রিন্ট দিয়ে ব্যানারের খালিঘরে স্কচটেপ দিয়ে লাগাতে হবে। ব্যানারের মূল কাঠামো অপরিবর্তিত রেখে ডিজাইন ও কালার ভিন্ন রকম হওয়া প্রয়োজন। ব্যানারটি এক বার তৈরী করে বারবার ব্যবহার করা যাবে।

২। ছবি সংগ্রহের ক্ষেত্রে প্রথমে সমিতির নাম, ঋণ বিতরণের তারিখ, ঋণের পরিমাণ ও ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা এর তথ্য কাগজে প্রিন্ট দিয়ে ব্যানারের খালিঘরে লাগিয়ে ছবি সংগ্রহ করতে হবে। পরবর্তীতে ঋণ গ্রহীতাদের ব্যানারের সামনে দাঁড় করিয়ে ছবি নিতে হবে। সদস্য সংখ্যা বেশি হলে কয়েকজন দাঁড়িয়ে ও বাকী সদস্যদের বসিয়ে ছবি নিতে হবে। খেয়াল রাখতে হবে যাতে সদস্যদের চেহারা স্পষ্ট বুঝা যায়।

৩। ঋণ গ্রহণকারী সদস্যদের ছবি প্রকল্পের ফেইসবুক পেইজে আপলোড করতে হবে এবং সংগৃহিত ছবিও পরবর্তী কার্যদিবসের মধ্যে নিয়মিতভাবে প্রকল্পের ই-মেইল ঠিকানায় (iresppw.picture@gmail.com) প্রেরণ করতে হবে। তাছাড়া উপজেলা দপ্তরে প্রকল্পের কম্পিউটারে গ্রুপ ছবিসমূহ পৃথক ফোল্ডারে স্থায়ীভাবে সংরক্ষণ করতে হবে।

প্রকল্পের ঋণ কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা, প্রচার ও নিরাপত্তার স্বার্থে প্রদানকৃত উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ নমুনা ব্যানার।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপজেলাঃ -----

জেলাঃ -----। (প্রকল্পভূক্ত ৫৯ উপজেলা)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----। (প্রকল্পভূক্ত ১৫ জেলা)
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি/গার্ড ফাইল।